

রেজুলেশন নং-১০

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী APA টিমের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ নাইমুল হক, সহকারী মৎস্য কর্মকর্তা ও টিম লিডার/সভাপতি APA কমিটি, গোদাগাড়ী, রাজশাহী।

সভার স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।

তারিখঃ ২২/০৪/২০২১

সময়ঃ সকাল ৩.০০ ঘটিকা

সভায় উপস্থিতির বিবরণী

| ক্রঃ নং | কর্মকর্তা ও কর্মচারীর নাম | পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---------|---------------------------|-----------------------------------|--------------------|------------|
| ০১ | - | সহকারী মৎস্য কর্মকর্তা | টিম লিডার (অ: দা:) | স্বাক্ষরিত |
| ০২ | মোঃ তাকির হোসেন | ক্ষেত্র সহকারী | ফোকাল পয়েন্ট | স্বাক্ষরিত |
| ০৩ | মোসাঃ আরজু আখতার | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | সদস্য | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয়ঃ

- ২০২০-২১ অর্থ বছরে এপ্রিল/২০২১ মাসে APA কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা ও এর অগ্রগতি বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করা।
- APA-র মাসিক প্রতিবেদন Web Portal এ আপলোড ও APA বোর্ডে হালনাগাদ বিষয়ে আলোচনা।
- APA-র ত্রৈমাসিক প্রতিবেদন Web Portal এ আপলোড ও APA বোর্ডে হালনাগাদ বিষয়ে আলোচনা।
- বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় কমিটি/টিমের ফোকাল পয়েন্ট জনাব মোঃ তাকির হোসেন, ক্ষেত্র সহকারীকে সভার আলোচ্যসূচী সভায় উপস্থাপনের জন্য আহ্বান জানান।

আলোচনা-০১: ২০২০-২১ অর্থ বছরের এপ্রিল/২০২১ মাসে APA কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি।

মোঃ তাকির হোসেন, ক্ষেত্র সহকারী সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরে উপজেলা পর্যায়ে APA কার্যক্রমের পনেরটি কৌশলগত বিষয়/সূচক/কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্ধারিত আছে। এ পনেরটি কার্যক্রমের লক্ষ্যমাত্রার মধ্যে এপ্রিল/২০২১ পর্যন্ত আটটি বিষয়ের আংশিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে, যা সভায় নিম্নরূপভাবে উপস্থাপন করা হয়।

| APA ক্রমিক নং | APA কার্যক্রম | বাৎসরিক লক্ষ্যমাত্রা | এপ্রিল/২০২১ মাসে অর্জন | এপ্রিল/২০২১ মাস পর্যন্ত ক্রমপূর্ণিত অর্জন | অর্জনের হার (%) | মন্তব্য |
|---------------|---|----------------------|------------------------|---|-----------------|---------|
| ০১ | প্রদর্শনী খামার স্থাপন (হে.) | ১.৫০ হে. | ০.১৬ | ০.২৯ | ১৯ | |
| ০৪ | উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ (মেগটন) | ০.৭৫ মেগটন | ০ | ০.৩৭৪ | ৫০ | |
| ০৫ | মৎস্যচাষি, মৎস্যজীবী ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান ও মৎস্য খামার পরিদর্শন (জন) | ২৫৫ জন | ২২ | ২০৭ | ৮২ | |
| ০৭ | মৎস্য খাদ্যমান পরীক্ষা (টি) | ০৩ টি | ০ | ০৩ | ১০০ | |
| ০৮ | মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ (টি) | ০১টি | ০ | ০১ | ১০০ | |
| ০৯ | মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন (টি) | ৩২ টি | ০১ | ৩১ | ৯৭ | |
| ১১ | বছর ব্যাপি বিশেষ মৎস্য সেবা প্রদান (টি) | ০৮ টি | ০ | ০৮ | ১০০ | |
| ১২ | মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় সফলভোগী সম্পৃক্তকরণ (জন) | ৯০জন | ০ | ৫০ | ৫৬ | |
| ১৪ | মৎস্যচাষী, মৎস্যজীবী ও অন্যান্য সফলভোগীদের প্রশিক্ষণ প্রদান (জন) | ৪৫০ জন | ০ | ১১০ | ২৪ | |
| ১৫ | রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান (টি) | ১৩ টি | ০ | ১৩ | ১০০ | |

সিদ্ধান্ত-০১: ২০২০-২১ অর্থ বছরে APA কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক বিভাজিত কর্মপরিকল্পনা ও বরাদ্দ সাপেক্ষে কার্যক্রমের অগ্রগতি সমূহ অব্যাহত রাখা এবং প্রমানকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-০২: APA-র মাসিক প্রতিবেদন Web Portal এ আপলোড ও APA বোর্ডে হালনাগাদকরণ।

Web Portal দপ্তরের বিভিন্ন তথ্য প্রদর্শনের একটি উপযুক্ত এবং কার্যকরী প্ল্যাটফর্ম। এখানে APA সংশ্লিষ্ট তথ্যাদি আপলোড করা থাকলে সাধারণ জনগন অবগত হতে পারবে এবং উর্ধতন কতৃপক্ষ মনিটরিং করতে সক্ষম হবেন। সুতরাং APA সংশ্লিষ্ট তথ্যাদি Web Portal-এ হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-০২: APA সংশ্লিষ্ট তথ্যাদি প্রতিমাসে Web Portal-এ হালনাগাদকরণ এবং APA বোর্ডে প্রদর্শন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।

বিবিধ আলোচনাঃ

APA ও অফিসের অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে সকলকে সচেতন হওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

APA টিমের রেজুলেশন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী বরাবর দাখিল করা হলো।

সহকারী মৎস্য কর্মকর্তা

টিম লিডার/সভাপতি APA কমিটি (ভারপ্রাপ্ত)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী।
www.fisheries.godagari.rajshahi.gov.bd

পত্র নং: ৩৩.০২.৮১৩৪.৫০১.৩৬.০০৩.১৯. ৬২

তারিখঃ ২২/০৪/২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী।

০২. দপ্তর নথি।

(বরুণ কুমার খন্দল)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

গোদাগাড়ী, রাজশাহী।

ফোনঃ ০২৪৭৮-৫৬২৭৯

sufogodagari@fisheries.gov.bd